# জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসির) কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of JDPC)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

### ☐ বিগত তিন বছরের প্রধান অর্জনসমূহ ঃ

জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) বহুমুখী পাটপণ্য উৎপাদন, ব্যবহার, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণ ও মানবসম্পদ উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বিগত ০৩ (তিন) বছরে জেডিপিসি বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদের দক্ষতা অর্জনের জন্য ২০৮০ জনকে প্রশিক্ষণ প্রদান করেছে। বহুমুখী পাটপণ্যের প্রচার, প্রসার ও ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে ২৫ টি সচেতনতা কর্মশালা, ১০ টি ক্রেতা- বিক্রেতা সম্মেলন, ৫১ টি একক ও যৌথ মেলার আয়োজন করেছে । বহুমুখী পাটপণ্যের সকল সেবাকে উদ্যোক্তাদের কাছে সহজে পৌঁছানোর জন্য জামালপুরে ০১ টি জুট এন্ট্রপ্রেনিয়র সার্ভিস সেন্টার (জেইএসসি) স্থাপন করেছে। বহুমুখী পাটপণ্য খাতে ২৮০ ধরনের বহুমুখী পাটপণ্য তৈরী ও ২২০ জন উদ্যোক্তা তৈরী হয়েছে। দেশী ও বিদেশী ক্রেতাগণ যাতে একটি কেন্দ্র থেকে পছন্দমত বহুমুখী পাটপণ্য ক্রয় করতে পারে সে লক্ষ্যে একটি আন্তর্জাতিক মানের প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্র চালু করা হয়েছে। Jute Geo-textiles প্রকল্পের আওতায় রাস্তার ক্ষয়রোধ, নদ-নদীর পাড় ভাঙ্গণ ও পাহাড় ধ্বস রোধে ১৪ টি ফিল্ড ট্রায়াল সফলভাবে সম্পন্নের মাধ্যমে প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহার্য Jute Geo-textiles এর মান নির্ধারণ হয়েছে। পর্যটকদের দৃষ্টি আকর্ষনের জন্য বিমান বন্দরের ডিউটি ফ্রি শপের মাধ্যমে বহুমুখী পাটপণ্য বিক্রয়ের ব্যবস্থা করা হয়েছে। পাট ও বহুমুখী পাটপণ্য সংশ্লিষ্ট তথ্য সংগ্রহ ও সরবারাহের জন্য একটি লাইব্রেরী স্থাপন করা হয়েছে। বহুমুখী পাটপণ্য তৈরীর প্রয়োজনীয় কাঁচামাল উদ্যোক্তাদের সরবরাহের নিমিত্বে ০২ টি কাঁচামাল ব্যাংক স্থাপন করা হয়েছে।

### ☐ সমস্যা ও চ্যালেঞ্জসমূহ ঃ

জেডিপিসিকে স্থায়ী কাঠামোতে প্রতিষ্ঠাকরণ; মানসম্পন্ন বহুমুখী পাটপণ্য উৎপাদনে প্রয়োজনীয় দক্ষ জনবলের অভাব ও প্রযুক্তিগত জ্ঞানের অভাব; ডিজাইন উন্নয়ন ও গবেষণার জন্য প্রয়োজনীয় জনবলের অপ্রতুলতা; ফেব্রিক্স উৎপাদনে আধুনিকমানের লুম ও ডাইং ও ল্যামিনেইশন ফ্যাক্টরীর অভাব; বহুমুখী পাটপণ্যের স্থানীয় ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ; জেডিপিসির সকল কার্যক্রমকে ডিজিটালাইজডকরণ।

### ☐ ভবিষ্যৎ পরিকল্পনা ঃ

জেডিপিসিকে স্থায়ী কাঠামোতে প্রতিষ্ঠাকরণের কার্যক্রম গ্রহণ; বহুমুখী পাটপণ্যের স্থানীয় ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণের লক্ষ্যে Need Based কর্মপরিকল্পনা প্রণয়ন; উন্নতমানের কাঁচামাল সরবরাহের লক্ষ্যে আধুনিকমানের ডাইং ও ল্যামিনেইশন ফ্যাক্টরী স্থাপন; বহুমুখী পাটপণ্যের গবেষণার জন্য জেডিপিসিতে ল্যাব প্রতিষ্ঠাকরণ; ডিজাইন সাপোর্ট সেন্টার স্থাপন। প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রটিকে ৩৬০ ডিগ্রি অনলাইন শপিং পদ্ধতিতে উন্নীতকরণ; ই-মার্কেটিং চালুকরণ ।

### ☐ ২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ ঃ

- ❖ উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়নের জন্য ২৭০ জন উদ্যোক্তাকে প্রশিক্ষণ প্রদান।
- ❖ বহুমুখী পাটপণ্যের প্রচার, প্রসার ও ব্যবহার বৃদ্ধির জন্য ০৯ টি সচেতনতা/ উদ্বুদ্ধকরণ কর্মশালা আয়োজন।
- ❖ বহুমুখী পাটপণ্যের স্থানীয় ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণের জন্য ০৬ টি একক মেলা, ০৮ টি যৌথ মেলা ও ০৪ টি সাংবাদিক সম্মেলন আয়োজন।

- ❖ বহুমুখী পাটপণ্য উৎপাদনে উদ্যোক্তাদের চাহিদা অনুযায়ী ৭২,৩৬৫ মিটার কাঁচামাল সরবরাহ করা।
- ❖ যুগোপযোগী ও নিত্যনতুন ডিজাইন উন্নয়নের জন্য ০৪ টি ডিজাইন ওয়ার্কশপ আয়োজন।

## সেকশন-১ ঃ জেডিপিসি'র রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objective) এবং কার্যাবলি (Function)

**১.১. রূপকল্প (Vision)** ঃ পাটের ব্যবহার সম্প্রসারণে পাটপণ্যের বহুমুখীকরণ।

**১.২. অভিলক্ষ্য (Mission)** ঃ বহুমুখী পাটপণ্য উৎপাদনে নতুন উদ্যোক্তা তৈরি, নতুন ডিজাইন ও লাগসই প্রযুক্তি উদ্ভাবন এবং বাজারজাতকরণ কৌশল উন্নয়নের মাধ্যমে বহুমুখী পাটপণ্যের ব্যবহার সম্প্রসারণ।

**১.৩. কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)** ঃ

**১.৩.১. জেডিপিসির কৌশলগত উদ্দেশ্যসমূহ-**

১.৩.১.১. বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়ন;

১.৩.১.২. বহুমুখী পাটপণ্যের প্রচার প্রসার ও ব্যবহার সহযোগিতা জোরদারকরণ;

১.৩.১.৩. বহুমুখী পাটপণ্যের স্থানীয় ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণে সহযোগিতা জোরদারকরণ।

**১.৩.২. জেডিপিসির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ (Mandatory Strategic objective)**

১.৩.২.১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ;

১.৩.২.২. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন;

১.৩.২.৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন;

১.৩.২.৪. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ ।

**১.৪. কার্যাবলী (Functions)** ঃ

১.৪.১. বহুমুখী পাটশিল্পে উদ্যোক্তা উন্নয়নের লক্ষ্যে বেসরকারী উদ্যোক্তাদেরকে প্রশিক্ষণ প্রদান;

১.৪.২. বহুমুখী পাটপণ্যের অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণের লক্ষ্যে বিভিন্ন মেলা, ক্রেতা- বিক্রেতা সম্মেলন আয়োজন;

১.৪.৩. জুট ডাইভারসিফাইড প্রডাক্ট উপযোগী ডিজাইন উন্নয়নে গবেষণার জন্য Research & Development Institution এর গবেষণাকারীদের সহায়তায় ডিজাইন উন্নয়ণ করে তা বাণিজ্যিকিকরণের ব্যবস্থা গ্রহণ;

১.৪.৪. বহুমুখী পাটপণ্যের প্রচার, প্রসার ও ব্যবহার বৃদ্ধির জন্য সচেতনতা কর্মশালা/উদ্বুদ্ধকরণ কর্মশালার আয়োজন;

১.৪.৫. উদ্যোক্তাদের সহজ ও সুলভমূল্যে কাঁচামাল প্রাপ্তিতে সহায়তা প্রদান;

১.৪.৬. উদ্যোক্তাদের জন্য নিত্য নতুন ডিজাইন উন্নয়ন ।

# প্রশিক্ষণ সংক্রান্ত প্রশাসনিক নির্দেশাবলী

১। প্রশিক্ষণ প্রতি ৩ মাস আন্তর আয়োজন করতে হবে।

২। প্রশিক্ষণ প্রতিদিন সকাল ১০.০০ ঘটিকায় শুরু হয়ে বিকেল ৪.০০ ঘটিকা পর্যন্ত চলবে।

৩। প্রশিক্ষণের প্রথম দিন সকাল ৯.৩০ ঘটিকায় উপস্থিত হয়ে নাম রেজিষ্ট্রেশন করতে হবে এবং অন্য দিনগুলোতে সকাল ৯.৪৫ ঘটিকার মধ্যে অবশ্যই প্রশিক্ষণ স্থলে উপস্থিত হয়ে হাজিরা খাতায় স্বাক্ষর করতে হবে। সকাল ১০.০০ঘটিকার পরে উপস্থিত হলে প্রশিক্ষণে অংশ গ্রহন করতে দেওয়া হবে না।

৪। সরকারী ছুটির দিনসহ/ ব্যতীত প্রতিদিন প্রশিক্ষণ চলবে।

৫। জেডিপিসির নির্ধারিত স্থান (জেডিপিসি ভবন ও জেইএসসি সেন্টার ) গুলোতে প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে।

৬। প্রশিক্ষণে অংশগ্রহনকারী প্রত্যেককে ১টি ১২ইঞ্চি স্টিল স্কেল, ১টি ১০ইঞ্চি কাঁচি, ১টি ১০ইঞ্চি হাতুড়ী, ১টি কম্পাস, ১টি বড় এন্টিকাটার, ১টি ইঞ্চি ফিতা, এবং ৪ গজ জুটফেব্রিক্স অবশ্যই সঙ্গে আনতে হবে।

৭। প্রশিক্ষক জেডিপিসির সরবরাহকৃত ফেব্রিক্স দ্বারা ব্যাগসহ অন্যান্য বহুমুখী পাটপণ্য তৈরী প্রশিক্ষণ প্রদান করবেন। প্রশিক্ষণার্থী যখন কোন পণ্য তৈরী প্রাকটিস করবেন তখন নিজের ক্রয়কৃত ফেব্রিক্স দ্বারা প্রাকটিস করবেন।

৮। একজন প্রশিক্ষণাথী সবোর্চ্চ ০৩(তিন) দিন পর্যন্ত প্রশিক্ষণে অনুপস্হিত থাকলে সার্টিফিকেট প্রদান করা হবে না।

৯। প্রশিক্ষণে উপস্থিত হতে ব্যার্থ হলে প্রশিক্ষণের জন্য প্রদত্ব ফি ফেরৎ দেওয়া হয়না এবং পূনরায় প্রশিক্ষণে আগ্রহী হলে নির্দিস্ট ফি জমা দিয়ে পূনঃ রেজিষ্ট্রেশন করতে হবে।

১০। প্রশিক্ষণ চলাকালীন জেডিপিসি কর্তৃক কো-অরডিনেটর হিসেবে নিয়োগকৃত সেন্টার ইন-চার্জগণ প্রশিক্ষণ পরিচালনা করবেন।

১১। প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষক অথবা সেন্টার ইন-চার্জগণের বিনা অনুমতিতে প্রশিক্ষণ কেন্দ্রে প্রবেশ ও বাহির হওয়া যাবেনা।

১২। আবেদন পত্রে উল্লেখিত টেলিফোন নাম্বারে না পাওয়া গেলে জেডিপিসি কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১৩। প্রতিটি সেন্টার থেকে প্রতিদিনের ০৫ মিনিটের ভিডিও রেকোর্ড করে কপি জেডিপিসি’র হেড অফিসে পাঠাতে হবে।

১৪। প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণার্থীর আবাসিক কোন ব্যবস্থা জেডিপিসির নেই।

| পাসপোর্ট সাইজ ছবি |
| --- |
| |

জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা-১২১৫।

**নিবন্ধ নং-**

**উদ্যোক্তা তালিকাভুক্তির আবেদন ফর্ম**

| | | | |
| --- | --- | --- | --- |
| ০১। | উদ্যোক্তার নাম ও পদবি | : | |
| ০২। | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা টেলিফোন, ই-মেইল, ওয়েবসাইট | : | |
| ০৩। | স্থায়ী ঠিকানা | : | |
| ০৪। | বর্তমান ঠিকানা | : | |
| ০৫। | জাতীয় পরিচয়পত্র নম্বর | : | |
| ০৬। | TIN নম্বর ও VAT নিবন্ধন নং | : | |
| ০৭। | উৎপাদিত বহুমুখী পাটপণ্যের নাম | : | |
| ০৮। | বহুমুখী পাটপণ্যের স্থানীয় বিক্রয় সংক্রান্ত তথ্যাদি | : | |
| ০৯। | বহুমুখী পাটপণ্য রপ্তানিকৃত দেশের নাম ও বার্ষিক রপ্তানির পরিমান | : | |
| ১০। | স্থানীয় ও আর্ন্তজাতিক মেলায় অংশগ্রহণের তথ্যাদি | : | |
| ১১। | জাতীয় বা আন্তর্জাতিক পুরুষ্কার (এওর্য়াড) প্রাপ্ত কি-না? | : | |
| ১২। | জেডিপিসি ব্যতীত অন্যকোন স্থানীয় প্রতিষ্ঠানের নিবন্ধন আছে কিনা? | : | |
| ১৩। | অন্যকোন ব্যবসার সাথে সংশ্লিষ্ট বা জড়িত কিনা? | : | |
| ১৪। | জেডিপিসি থেকে পূর্বে কোন প্রশিক্ষণ গ্রহণ করেছেন কিনা? করে থাকলে তার বিবরন | | |
| ১৫। | অন্য কোন প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ গ্রহণ করলে তার বিবরন | : | |

<u>যে সকল কাগজপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে:</u>

১। পাসপোর্ট সাইজ ছবি (দুই) কপি
২। জাতীয় পরিচয়পত্রের কপি
৩। ট্রেড লাইসেন্সের কপি
৪। ভ্যাট/টিন এর কপি
৫। আমদানী/রপ্তানী (ইআরসি/আইআরসি )নিবন্ধন সনদ এর কপি
৬। প্রোডাক্ট ক্যাটালগ/বুশিয়র
৭। ব্যাংক বিবরনী

আবেদনকারীর স্বাক্ষর ও সীল